৫ জুন ২০১৬

এফবিসিসিআই/জনসংযোগ/২০১৬/১৪২

ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)- এর উদ্যোগে 'পবিত্র রমজান মাসে ভেজালমুক্ত পথ খাবার' শীর্ষক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত

ঢাকা, রোববার, ৫ জুন ২০১৬

ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)- এর উদ্যোগে আজ রোববার (৫ -০৬-২০১৬) এফবিসিসিআই সম্মেলন কক্ষে 'পবিত্র রমজান মাসে ভেজালমুক্ত পথ খাবার' শীর্ষক এক গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। মাননীয় খাদ্য মন্ত্রী এ্যাডভোকেট কামরুল ইসলাম, এম.পি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য বিষয়ক উপদেষ্টা জনাব ইকবাল সোবহান চৌধুরী ও বানিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব হেদায়েতুল্লাহ আল মামুন এনডিসি । এফবিসিসিআইয়ের ভারপ্রাপ্ত সভাপতি মিসেস হাসিনা নেওয়াজ -এর সভাপতিত্বে অনুষ্ঠিত গোলটেবিল বৈঠকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এপোলো হাসপাতালের নিউট্রিশন বিভাগের চেয়ারম্যান ডাঃ তামান্না চৌধুরী। অনুষ্ঠানের পরিকল্পনা ও সঞ্চালনা করেন এফবিসিসিআইয়ের সাবেক সহ- সভাপতি ও পরিচালক জনাব মোঃ হেলাল উদ্দিন।

গোলটেবিল বৈঠকে সম্মানিত আলোচক ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-এর চেয়ারম্যান জনাব মোস্তাক হাসান মোঃ ইফতেখার, প্রথম আলোর সহযোগী সম্পাদক জনাব সোহরাব হাসান এবং ডিবিসি নিউজ-এর সম্পাদক মি. প্রণব সাহা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এফবিসিসিআই পরিচালকবৃন্দ, সরকারি- বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ এবং খাদ্য বিশেষজ্ঞগন ।

৫ জুন, ২০১৬ তারিখে এফবিসিসিআই এর উদ্যোগে আয়োজিত ভেজালমুক্ত পথ খাবার শীর্ষক গোলটেবিল বৈঠকে এফবিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি মিসেস হাসিনা নেওয়াজ-এর বক্তব্য

আজকের অনুষ্ঠানের প্রধান অতিথি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় খাদ্যমন্ত্রী
এ্যাডভোকেট মোঃ কামরুল ইসলাম, এমপি

জনাব ইকবাল সোবহান চৌধুরী, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা

জনাব হেদায়েতুল্লাহ আল মামুন, এনডিসি
সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
জনাব মোঃ হেলাল উদ্দিন
দায়িত্বপ্রাপ্ত পরিচালক, Internal Trade, Food Security, Counterfeiting, Adulteration & Protection of Consumers Rights বিষয়ক স্থায়ী কমিটি, এফবিসিসিআই
সম্মানিত মূলপ্রবন্ধ উপস্থাপক
ডাঃ তামান্না চৌধুরী, চেয়ারম্যান, নিউট্রিশন বিভাগ, এপোলো হাসপাতাল, ঢাকা

সম্মানিত আলোচকবৃন্দ
আমার সহকর্মীবৃন্দ
সম্মানিত অতিথিবৃন্দ ও ব্যবসায়ী নেতৃবৃন্দ
সাংবাদিক বন্ধুগণ
সুধীমণ্ডলী
আসসালামু আলাইকুম,

এফবিসিসিআই আয়োজিত রমজান মাসে ভেজালমুক্ত পথ খাবার শীর্ষক আজকের গোলটেবিল বৈঠকে উপস্থিত সকলকে আমার শুভেচ্ছা।

আমাদের মাঝে উপস্থিত আছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় খাদ্য মন্ত্রী এ্যাডভোকেট কামরুল ইসলাম, এম.পি এবং মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা এবং মাননীয় সিনিয়র সচিব। তাঁদের উপস্থিতি

আজকের অনুষ্ঠানের আয়োজনকে সমৃদ্ধ ও সাফল্যমন্ডিত করেছে।

পবিত্র রমজান মাস মুসলমানদের জন্য একটি তাৎপর্যপূর্ণ মাস। এ মাসে এদেশের সর্বস্তরের মানুষ এবং সকল পোশায় নিয়োজিত মানুষ যেন ভেজালমুক্ত খাবার গ্রহণ করতে পারে বিশেষ করে যারা ইফতারের জন্য পথে বিক্রিত খাবারের উপর নির্ভিরশীল তাদের নিরাপদ খাদ্য প্রাপ্তির নিশ্চয়তা প্রদানের জন্য আমরা আজকের এই অনুষ্ঠানের আয়োজন করেছি।

আজকের গোলটেবিল বৈঠকের মূলপ্রবন্ধ উপস্থাপনা এবং সম্মানিত আলোচকবৃন্দের আলোচনা থেকে আমরা খাদ্যে ভেজাল মিশ্রনের প্রক্রিয়া, এর ক্ষতিকর প্রভাব এবং ভেজালমুক্ত খাদ্য যোগানের উপায় সম্পর্কিত অনেক অজানা বিষয়ে অবহিত হতে পেরেছি। এজন্য তাদের আমি আন্তরিক ধন্যবাদ জানাই।

বিষাক্ত খাবারগ্রহণের ফলে দীর্ঘমেয়াদি স্বাস্থ্য ঝুঁকিতে আছে দেশবাসী। যুবক, বৃদ্ধ এমনকি শিশুরাও এই ভয়াল ও দূর্বিসহ পরিস্থিতি থেকে মুক্ত হতে পারছে না। চিকিৎসকরা শিশুদের নানা রোগের জন্য ভেজাল ও রাসায়নিক যুক্ত খাবারকেই দায়ী করছেন। এ পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন চিকিৎসক ও পুষ্টি বিশেষজ্ঞরা। অধিক মুনাফার লোভে অসাধু এসব ব্যবসায়ীরা জনসাধারণের হাতে বিষ তুলে দিচ্ছে। এসব অসাধু ব্যবসায়ীদের ভ্রাম্যমান আদালতের মাধ্যমে তাৎক্ষনিক ভাবে কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে।

মূলত দেশের জনগণের স্বাস্থ্যসম্মত খাদ্যের যোগান নিশ্চিতকরণে আমাদের সবার একাত্ম হয়ে কাজ করতে হবে। এসব অনৈতিক কাজে যারা জড়িত তাদের মানসিকতার পরিবর্তন করতে হবে। সরকারী ও বেসরকারী মনিটরিং ব্যবস্থা সক্রিয় রাখতে হবে। অসাধু ব্যবসায়ীদের খাদ্য নিরাপত্তা আইন-২০১৩ এর অনুসরণে তাৎক্ষণিক শাস্তির ব্যবস্থা আরো জোরদার করা প্রয়োজন।

স্বাস্থ্যসম্মত খাদ্য পরিবেশনে আমাদের শুধুমাত্র সচেতনতা বৃদ্ধিই যথেষ্ট এবং এর প্রয়োগের জন্য তেমন কোন খরচ বৃদ্ধি পায় না সে ব্যাপারে সকলকে অবহিত করতে হবে।

ভেজাল পথ খাবারের ক্ষতিকর প্রতিক্রিয়া এবং নিরাপদ পথ খাবার পরিবেশন পদ্ধতি সমন্বিত ব্যানার, ফেস্টুন ইত্যাদি প্রদর্শন, বিভিন্ন সামাজিক মাধ্যমে এর ব্যাপক প্রচার অব্যাহত রাখার ব্যবস্থা করা প্রয়োজন।

আমাদের মাঝে উপস্থিত মাননীয় খাদ্যমন্ত্রী দায়িত্ব প্রাপ্তির পর থেকে ভেজাল খাদ্য নিরসনে তাঁর প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। আমরা এজন্য মাননীয় মন্ত্রীর নিকট কৃতজ্ঞ।

মাননীয় মন্ত্রীর মুল্যবান বক্তব্যের মাধ্যমে আমরা রমজান মাসে ভেজালমুক্ত পথ খাবার পরিবেশনের বিভিন্ন বাস্তবসম্মত ও কার্যকরী দিক নির্দেশনা পাবো বলে আমরা আশা করছি।

আজকের এই অনুষ্ঠান আয়োজনের জন্য সার্বিক সহযোগিতা করার জন্য আমি এফবিসিসিআই পরিচালক জনাব মোঃ হেলাল উদ্দিন কে আন্তরিক ধন্যবাদ জানাই।

পরিশেষে আমি আজকের অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী, সম্মানিত ব্যবসায়ী নেতৃবৃন্দ, অতিথিবৃন্দ এবং সাংবাদিক ভাই ও বোনদের আমাদের মাঝে উপস্থিত থেকে অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

সকলকে ধন্যবাদ।

আল্লাহ হাফেজ।

বরাবর
বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার
ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকা/সংবাদ মাধ্যমে প্রচার/প্রকাশ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

মীর শাহাবুদ্দিন মোহাম্মদ
মহাসচিব